

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট- ব্লাস্ট  
ওয়াইএমসিএ ডেভেলপমেন্ট সেন্টার, ১/১, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০

নিয়োগ বিজ্ঞপ্তি

সুবিধাবঞ্চিত ও প্রান্তিক গ্রামীণ জনগোষ্ঠীর বিচার ব্যবস্থায় প্রবেশাধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে, বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ, ইউরোপিয়ান ইউনিয়ন এবং ইউএনডিপি বাংলাদেশ এর যৌথ অর্থায়নে “বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়)” প্রকল্প বাস্তবায়ন করছে।

“বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট- ব্লাস্ট”, একটি জাতীয় বেসরকারী মানবাধিকার বাস্তবায়নকারী ও আইন সহায়তা প্রদানকারী সংস্থা, যা গত ১৯৯৩ হতে সামাজিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম/ প্রকল্প বাস্তবায়ন করে আসছে। বর্তমানে ব্লাস্ট, “বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি ২০১৬ থেকে ২০১৯ খ্রিষ্টাব্দ মেয়াদে মৌলভীবাজার জেলায় দাতা সংস্থার আর্থিক ও কারিগরী সহায়তায় স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করতে যাচ্ছে।

উক্ত প্রকল্পের জন্য ব্লাস্ট এর পক্ষ থেকে নিম্নলিখিত পদের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে:

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	কর্মস্থল	মাসিক বেতন/ অন্যান্য সুবিধাদি
গ্রাম আদালত সহকারী	৪১ (প্রকল্পভুক্ত প্রতি ইউনিয়নে একজন)	ন্যূনতম উচ্চ মাধ্যমিক/ সমমান ডিগ্রী।	বেসরকারী সংস্থার উন্নয়নমূলক কাজে ৩ বছরের অভিজ্ঞতা এবং গ্রামীণ জনগণের সচেতনতা বৃদ্ধি এবং মবিলাইজেশন কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	সংশ্লিষ্ট ইউনিয়ন	সর্বসাকুল্যে ১০,৭৮৭ টাকা ও সংস্থার নিয়ম অনুযায়ী অন্যান্য সুবিধাদি

- আবেদনকারীগণকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। এ বিষয়ে আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- উপজেলা ও ইউনিয়নের নাম: বড়লেখা উপজেলা (বড়লেখা, বর্ণি, দক্ষিণশাহবাজপুর, দক্ষিণভাগ(দঃ), দাসেরবাজার, নিজবাহাদুরপুর, সূজানগর, দক্ষিণভাগ(উঃ), উত্তরশাহবাজপুর ও তালিমপুর ইউনিয়ন)। কমলগঞ্জ উপজেলা (আদমপুর, আলীনগর, ইসলামপুর, কমলগঞ্জ, মাধবপুর, মুসীবাজার, পতনুসার, রহিমপুর ও শমশেরনগর ইউনিয়ন)। কুলাউড়া উপজেলা (বরমচাল, ভূকশিমাইল, ভাটেরা, ব্রাহ্মণবাজার, হাজীপুর, জয়চন্ডি, কাদিরপুর, কর্মধা, কুলাউড়া, পৃথিমপাশা, রাউৎগাঁও, শরীফপুর, টিলাগাঁও)। শ্রীমঙ্গল উপজেলা (আশিদ্রোন, ভুনবীর, কালাপুর, কালীঘাট, মীর্জাপুর, রাজঘাট, সাতগাঁও, সিন্দুরখান ও শ্রীমঙ্গল ইউনিয়ন)।
- আগ্রহী প্রার্থীগণকে মোবাইল নম্বর, তাদের অভিজ্ঞতা ও দক্ষতার বিষয়ে অবহিত এমন দুইজন পরিচিত ব্যক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করে সাম্প্রতিক জীবনবৃত্তান্ত সহ আবেদনপত্র, “তিন” কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সহ আগামী ১২ ফেব্রুয়ারী ২০১৭ তারিখের মধ্যে নিম্নলিখিত ঠিকানায় পৌঁছাতে হবে।
- শুধুমাত্র সংশ্লিষ্ট তালিকাভুক্ত প্রার্থীদের সঙ্গে যোগাযোগ করা হবে।
- লিখিত/ নির্বাচনী পরীক্ষা সংশ্লিষ্ট জেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ইত্যাদি টেলিফোনের মাধ্যমে যথাসময়ে জানানো হবে।
- খামের উপর আবেদনকৃত পদের নাম, জেলা, উপজেলা ও ইউনিয়নের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- যোগ্যতাসম্পন্ন নারী প্রার্থীগণকে অধাধিকার দেয়া হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- যে সকল প্রার্থী ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

আবেদনের ঠিকানা: পরিচালক - মানবসম্পদ ও প্রশাসন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), ওয়াইএমসিএ ডেভেলপমেন্ট সেন্টার, ১/১, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০